

মক্কা ও ইসমাইল বংশ (مكة وذريرة اسماعيل)

মক্কায় প্রথম অধিবাসী ছিলেন মা হাজেরা ও তাঁর সন্তান ইসমাইল। পরে সেখানে আসেন ইয়ামন থেকে ব্যবসায়ী কাফেলা বনু জুরহুম। তারা হাজেরার অনুমতিক্রমে যমযম কূপের পাশে বসতি স্থাপন করেন। পরবর্তীতে ইসমাইল তাদের বংশে বিয়ে করেন। অতঃপর ইবরাহীম ও ইসমাইলের হাতে কা'বাগৃহ নির্মিত হয়। অতঃপর ইসমাইলের বংশধরগণই মক্কাভূমি ও পার্শ্ববর্তী এলাকাসমূহ আবাদ করেন। তাদের মাধ্যমেই সর্বত্র তাওহীদের দাওয়াত ছড়িয়ে পড়ে।

ইসমাইল (আঃ) আজীবন স্বীয় বংশের নবী ও শাসক ছিলেন। তাঁর পরে তাঁর পুত্র ও বংশধরগণই মক্কা ও পার্শ্ববর্তী এলাকা শাসন করেন এবং কা'বাগৃহের তত্ত্বাবধানের পবিত্র দায়িত্ব পালন করেন।

ইসমাইল-পুত্র নাবেত (نَابِئَة)-এর বংশধরগণ উত্তর হেজাজ শাসন করেন। তাদের বংশধর ছিলেন ইয়াছরিবের আউস ও খাযরাজ গোত্র। ইসমাইলের অন্য পুত্র ক্বায়দার (قَيْدَار)-এর বংশধরগণ মক্কায় বসবাস করেন এবং পরবর্তীতে তাদেরই অন্যতম বিখ্যাত নেতা ছিলেন 'আদনান (عَدْنَان)। যিনি

ছিলেন রাসূলুল্লাহ (ছাঃ)-এর ২১তম উর্ধ্বতন

পুরুষ।[1]

[1]. ইবনু হিশাম ১/১-২; ছফিউর রহমান মুবারকপুরী (১৩৬২-১৪২৭ হিঃ/১৯৪২-২০০৬ খঃ), আর-রাহীকুল মাখতুম (কুয়েত : ২য় সংস্করণ ১৪১৬/১৯৯৬ খঃ) পৃঃ ৪৮।